গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
www.rdcd.gov.bd

বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.০৬.০১৪.২০-০৮

তারিখঃ ১৮ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ
০২ জানুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ নভেম্বর/২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের নভেম্বর/২০২২ মাসের মাসিক সমন্বয় সভা গত ১৪/১২/২০২২ খ্রিঃ তারিখে এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০৬ (ছয়) ফর্দ।

02/1/2026

(মোঃ আব্দুস সামাদ প্রধান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ +৮৮-০২-২২৩৩৫৫৫৭০
e-mail: admin1.section@rdcd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক (গ্রেড-১), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)/(পরিকল্পনা ও উন্নয়ন)/(আইন ও প্রতিষ্ঠান), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা/পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।
০৪। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
০৫। প্রকল্প পরিচালক, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি-৩য় পর্যায়) প্রকল্প, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
০৬। যুগ্মসচিব (উন্নয়ন/আইন ও প্রতিষ্ঠান/পরিকল্পনা), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ।
০৮। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিল্ক ইউনিয়ন), ঢাকা।
০৯। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, বাড়ি নং-০৫, এভিনিউ-০৩, রূপনগর, মিরপুর, ঢাকা।
১০। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), পল্লী ভবন, কারওয়ান বাজার, ঢাকা।
১১। মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লি:, ৯/ডি, মতিঝিল, ঢাকা-১০০০।
১২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৩। উপসচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৪। সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৭। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সিএএফও), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১৮। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। হিসাবরক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১। অফিস কপি।



Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
www.rdcd.gov.bd

বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

## নভেম্বর/২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মশিউর রহমান এনডিসি<br>সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| সভার তারিখ ও সময় | : | ১৪/১২/২০২২ খ্রিঃ, বিকাল ০৩:০০ ঘটিকা |
| সভার স্থান | : | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (ভবন নং-৭, কক্ষ নং-৬৩৩, ৭ম তলা), বাংলাদেশ সচিবালয় |

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **"পরিশিষ্ট-ক"**সদয় দ্রষ্টব্য।

০২. সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন) আলোচ্যসূচির আলোকে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি গত ২০/১১/২০২২ খ্রিস্টাব্দে অনুষ্ঠিত অক্টোবর/২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। অত:পর আলোচ্যসূচির আলোকে পর্যায়ক্রমে প্রতিবেদন/তথ্যাদিও আলোচনা সভায় উপস্থাপন করা হয় এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

<table>
<tr><th>আলোচ্যসূচি</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১. মামলা/ রিট পিটিশন</td><td><u>এ বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার মামলা সংক্রান্ত:</u><br>ক) প্রতিটি দপ্তর/সংস্থা/প্রকল্পে মামলার ধরণ অনুযায়ী ফোকাল পয়েন্ট কর্মকর্তা দায়িত্বে নিয়োজিত রয়েছেন।<br>খ) অতিরিক্ত (আইন ও প্রতিষ্ঠান) মহোদয়ের সভাপতিত্বে গত ০৮/১২/২০২২ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় মামলার ডাটাবেজ প্রণয়নের বিষয়ে যুগ্মনিবন্ধক, রংপুর এর সাথে সভা অনুষ্ঠিত হয়েছে। পরবর্তী মাসে এ বিষয়ের অগ্রগতি নিয়ে সভা অনুষ্ঠিত হবে।</td><td>ক) মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সংস্থা প্রধানগণকে সক্রিয় ভূমিকা পালন করতে হবে এবং মামলার ধরণ অনুযায়ী ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ করতে হবে।<br>খ) অতিরিক্ত সচিব (আইন ও প্রতিষ্ঠান) মহোদয়ের সভাপতিত্বে প্রতি মাসে একবার এ সংক্রান্ত বিষয়ে সভা আহবান করতে হবে। সংশ্লিষ্ট আইনজীবীকে আমন্ত্রণ জানাতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (আইন ও প্রতিষ্ঠান), উপসচিব (আইন), এ বিভাগ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রধান।</td></tr>
<tr><td>২. অডিট আপত্তি</td><td><u>এ বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার নভেম্বর/২২ মাস পর্যন্ত অডিট আপত্তি:</u><br><u>২০২২-২৩ অর্থ বছরের দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তির তথ্য (জুলাই হতে অক্টোবর/২২):</u>
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>দপ্তর/সংস্থা</th><th>দ্বিপক্ষীয়/ত্রি-পক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তির লক্ষ্যমাত্রা</th><th>অনুষ্ঠিত দ্বিপক্ষীয়/ত্রি-পক্ষীয় সভার তারিখ</th><th>দ্বিপক্ষীয়/ত্রি-পক্ষীয় সভায় উত্থাপিত অডিট আপত্তির সংখ্যা</th><th>জড়িত টাকার পরিমান</th></tr>
<tr><td>১.</td><td>পউসবি</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>২.</td><td>সমবায় অধিদপ্তর</td><td>৪০ টি</td><td>১৭/০৮/২২</td><td>৪০টি (দ্বি-পক্ষীয়)</td><td>২৮.৯৪ লক্ষ</td></tr>
<tr><td>৩.</td><td>বিআরডিবি</td><td>০৮ টি</td><td>১০/১০/২২</td><td>০৮টি (ত্রি-পক্ষীয়)</td><td>৭৫.৩৮৭ লক্ষ</td></tr>
<tr><td>৪.</td><td>বার্ড</td><td>০৬ টি</td><td>১৩/১০/২২</td><td>০৬টি (ত্রি-পক্ষীয়)</td><td>১৪০.৮৩ লক্ষ</td></tr>
<tr><td>৫.</td><td>আরডিএ</td><td>১৪ টি</td><td>২৬/০৯/২২</td><td>১৪টি (ত্রি-পক্ষীয়)</td><td>৪৫০.০২৮ লক্ষ</td></tr>
<tr><td>৬.</td><td>পিডিবিএফ</td><td>৪৬ টি</td><td colspan="3">প্রক্রিয়া চলমান রয়েছে</td></tr>
<tr><td>৭.</td><td>মিল্ক ভিটা</td><td>১৫ টি</td><td>০৬/১০/২২</td><td>১৫টি (ত্রি-পক্ষীয়)</td><td>২২,২৫.৭৮৮ লক্ষ</td></tr>
<tr><td></td><td>মোট =</td><td>১২৯ টি</td><td></td><td>৮৩ টি</td><td></td></tr>
</table>
ত্রি-পক্ষীয় সভা আহবানের জন্য গত ০৪/১২/২০২২ তারিখে পিডিবিএফকে তাগিদ পত্র দেয়া হয়েছে।</td><td>ক) অডিট আপত্তি বিষয়ে সংশ্লিষ্ট অডিট দপ্তর/সংস্থার সাথে নিয়মিত আলোচনাক্রমে আপত্তিসমূহ নিষ্পত্তির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণপূর্বক আপত্তিগুলো সভায় ফলোআপ করতে হবে এবং সংশ্লিষ্ট দপ্তর সভা করে নিষ্পত্তির হালনাগাদ তথ্য এ বিভাগে প্রেরণ করবে।<br>খ) অডিট আপত্তি বিষয়ে দপ্তর/সংস্থা হতে সংশ্লিষ্ট কর্মকর্তা অডিট আপত্তি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এ বিষয়ে সার্বক্ষণিক তদারকি করবে।<br>গ) আগামী সভার পূর্বেই অডিট আপত্তির Broad Sheet জবাব সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রেরণ করতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট), উপসচিব (বাজেট), এ বিভাগ;<br><br>দপ্তর/সংস্থা (সকল) এবং সিএএফও, পউসবি</td></tr>
</table>



Scanned with CamScanner

<table>
<tr><th>আলোচ্যসূচি</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>৩. পদোন্নতি সংক্রান্ত</td><td>এ বিভাগঃ বর্তমানে এ বিভাগে পদোন্নতি যোগ্য কোন পদ নেই।<br>বিআরডিবিঃ প্রাপ্যতা সাপেক্ষে বিধি মোতাবেক নিয়মিতভাবে পদোন্নতির কার্যক্রম চলমান রয়েছে। সর্বশেষ ২৫/১০/২০২২ তারিখে ০৬ জনকে উপ প্রকল্প পরিচালক (ডিপিডি) পদে পদোন্নতি দেয়া হয়েছে। বর্তমানে পদোন্নতিযোগ্য শূন্য পদের বিরবণ নিম্নরুপ:
<table>
<tr><th>ক্র. নং</th><th>পদের নাম</th><th>গ্রেড</th><th>পদোন্নতি যোগ্য শূন্য পদ সংখ্যা</th><th>সর্বশেষ পদোন্নতি সভার তারিখ</th><th>পরবর্তী পদোন্নতি সভার তারিখ</th><th>বিবেচ্য মাসে পদোন্নতি প্রাপ্ত জনবলের সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>যুগ্মপরিচালক</td><td>৫ম</td><td>২</td><td rowspan="4">২৫/১০/২০২২</td><td rowspan="4">-</td><td>-</td></tr>
<tr><td>০২</td><td>উপ প্রকল্প পরিচালক</td><td>৮ম</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>০৩</td><td>সহকারী পরিচালক/উপজেলা পল্লী উন্নয়ন অফিসার</td><td>৯ম</td><td>২</td><td>-</td></tr>
<tr><td>০৪</td><td>সহকারী পল্লী উন্নয়ন অফিসার</td><td>১০ম</td><td>২৪</td><td>-</td></tr>
<tr><td colspan="3">সর্বমোট</td><td>২৮</td><td></td><td></td><td>-</td></tr>
</table>
সমবায় অধিদপ্তরঃ সর্বশেষ পদোন্নতি সভার তারিখ ১৮/০৫/২০২২। ১ম শ্রেণির কর্মকর্তাগণের পদোন্নতির বিষয়ে সমবায় অধিদপ্তরের স্মারক নং- ৭৯৫-এ/ও, তারিখ- ১১/০৯/২০২২ মূলে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br>২য় শ্রেণি পদ হতে ১ম শ্রেণির পদে পদোন্নতির প্রস্তাব প্রেরণ প্রক্রিয়াধীন রয়েছে।<br>উপজেলা সমবায় অফিসার পদের পদোন্নতির বিষয়ে পাবলিক সার্ভিস কমিশন হতে সুপারিশ পাওয়ার পর ৩য় শ্রেণির পদে পদোন্নতির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>৪র্থ শ্রেণির পদোন্নতির বিষয়ে কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>তিনটি পার্বত্য জেলায় সমবায় অধিদপ্তরের সকল নিয়োগে ছাড়পত্র প্রদানের নিমিত্ত ৩য় শ্রেণির পদে ২১টি ও ৪র্থ শ্রেণির পদে ৩১ টি জনবলের বিষয়ে সমবায় অধিদপ্তরের স্মারক নং- ১৪০/৯৪-জি-৮৯৯-এ/ও, তারিখ- ২৬/১০/২০২২ মূলে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br>বার্ড, কুমিল্লাঃ কর্মচারী পর্যায়ে পদোন্নতি কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।<br>আরডিএ, বগুড়াঃ ২য় ও ৩য় শ্রেণির পদোন্নতিযোগ্য ৩টি শূন্য পদে সংশ্লিষ্ট কমিটির সভা করে পদোন্নতি প্রদান করা হয়েছে। প্রথম শ্রেণির পদোন্নতিযোগ্য শূন্য পদসমূহে পদোন্নতির লক্ষ্যে সংশ্লিষ্ট পদোন্নতি কমিটির সভা অনুষ্ঠানের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।<br>বাপার্ড, গোপালগঞ্জঃ পদোন্নতি যোগ্য কোন পদ নেই।<br>এসএফডিএফঃ এসএফডিএফ এর সর্বশেষ গত ২০/০৩/২০২২ ও ২১/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত ডিপিসির সভায় ৭ টি ক্যাটাগরীতে পদোন্নতি প্রদান করা হয়েছে।<br>পিডিবিএফঃ পদোন্নতির বিষয়টি পিডিবিএফ বোর্ড অব গভর্নর্স-এর ৮৫ তম সভায় উপস্থাপিত হলে পদোন্নতি সংক্রান্ত প্রশাসনিক কার্যক্রম পুন:সূচনার বিষয়ে ঐকমত্য জ্ঞাপন করা হয়। পিডিবিএফ কর্মচারী চাকুরী প্রবিধানমালা-৪/২০২১ সংশোধনের বিষয়ে ৮৬ তম বোর্ড সভায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রস্তাবনা উপস্থাপিত হলে পিডিবিএফ কর্মচারী চাকরি প্রবিধানমালা-৫/২০২২ এর খসড়া অনুপঙ্খরুপে যাচাই বাছাইপূর্বক উপস্থাপনকল্পে মন্ত্রণালয়ের প্রতিনিধিসহ ৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। পিডিবিএফ প্রবিধানমালা পরবর্তী বোর্ড সভায় অনুমোদন সাপেক্ষে পদোন্নতি কার্যক্রম সূচনা করা হবে।<br>মিল্ক ভিটাঃ মন্ত্রণালয়ের অনুমোদনের আলোকে ও মিল্ক ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ বিধিমালা -২০০৮ (সংশোধিত-২০০৯) এবং সরকারী নীতিমালার আলোকে জাতীয় দৈনিক পত্রিকায় উন্মুক্ত বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে ৬১ (একষট্টি)টি সহকারী ব্যবস্থাপক পদে সরাসরি নিয়োগের বিষয়টি ব্যবস্থাপনা কমিটির গত ০৭/০৯/২০২১ খ্রি: তারিখের সভায় অনুমোদন করা হয়।<br>এছাড়া, মিল্ক ইউনিয়নের কর্মচারী এমপ্লয়ী গ্রেড-০৪ পদে ২৮টি এবং প্রাথমিক শ্রমিক পদে ১২৬টি শূণ্য পদের বিপরীতে এবং উক্ত পদসমূহ পূরণের লক্ষ্যে প্রতিষ্ঠানে কর্মরত দৈনিক হাজিরাভিত্তিক শ্রমিক যাদের চাকুরী ০৩ (তিন) বছর বা ততোধিক বছর পূর্তি হয়েছে তাদের মধ্য হতে স্থায়ী পদে নিয়োগ/আত্মীয়করণ বিষয়ে ব্যবস্থাপনা কমিটির গত ০৭/০৯/২০২১ খ্রি: তারিখের সভায় অনুমোদন দেয়া হয়। মিল্ক ইউনিয়নের নিয়োগ নীতিমালা-২০০৮ (সংশোধিত-২০০৯) এবং সরকারী বিধি-বিধানের আলোকে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে।</td><td>পদোন্নতি সংক্রান্ত তথ্য নির্ধারিত ছকে প্রতি মাসে সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে এবং পদোন্নতিযোগ্য পদে দ্রুত পদোন্নতির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>তিনটি পার্বত্য জেলায় সমবায় অধিদপ্তরের সকল নিয়োগের ছাড়পত্র প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>সকল দপ্তর/সংস্থা এবং এ বিভাগের সংশ্লিষ্ট শাখাসমূহ</td></tr>
<tr><td>৪. সংস্থার সাংগঠনিক কাঠামো, পদ সৃজন, জনবল নিয়োগ ও আইন/ প্রবিধিমালা সংশোধন</td><td>এ বিভাগঃ পদ সৃজন বা সাংগঠনিক কাঠামো সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া এ বিভাগে বর্তমানে নিয়োগ সংক্রান্ত কোন কার্যক্রম নেই।<br>‘শেখ হাসিনা পল্লী উন্নয়ন একাডেমি, জামালপুর আইন, ২০২২’ এর খসড়াটি লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ থেকে ভেটিং কার্যক্রম সম্পন্নপূর্বক মন্ত্রিসভা-বৈঠকের চূড়ান্ত অনুমোদনের জন্য গত ১৬ অক্টোবর ২০২২ তারিখ, স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৩৩.২২.০৩৩.২২-৩২৭ এর মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। এটি চূড়ান্ত অনুমোদনের জন্য অপেক্ষমান রয়েছে।<br>মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্তের আলোকে খসড়া আইনে প্রয়োজনীয় সংশোধনকরত খসড়াটি লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ থেকে ভেটিং কার্যক্রম সম্পন্নপূর্বক ‘শেখ হাসিনা পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর আইন, ২০২২’ মন্ত্রিসভা-বৈঠকের চূড়ান্ত অনুমোদনের জন্য গত ১৬ অক্টোবর ২০২২ তারিখ, স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৩৩.২২.২২-৩২৭ এর মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। এটি চূড়ান্ত অনুমোদনের জন্য অপেক্ষমান রয়েছে।</td><td>ক) এ বিভাগ ও দপ্তর/ সংস্থার সাংগঠনিক কাঠামো, পদ সৃজন, স্থায়ীকরণ ও জনবল সংক্রান্ত কার্যক্রম যথাসময়ে সম্পন্ন এবং প্রযোজ্য ক্ষেত্রে হালনাগাদ করতে হবে।<br>খ) সংস্থা সমূহের আইন, বিধিমালা, নীতিমালা প্রণয়ন/সংশোধন সংক্রান্ত তথ্য প্রতি সভায় উপস্থাপন করতে হবে।</td><td>সকল দপ্তর/সংস্থা এবং এ বিভাগের শাখাসমূহ (প্রযোজ্য ক্ষেত্রে)</td></tr>
</table>

| আলোচ্যসূচি | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | <u>বিআরডিবিঃ</u> পদ সৃজন বা সাংগঠনিক কাঠামো সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে।<br>গত ২৪/০২/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ বিআরডিবি'র ৫২তম বোর্ড সভায় পরিচালনা পর্ষদকে অবহিত করে সিদ্ধান্ত মোতাবেক বিআরডিবি'র আইন রহিতকরণের প্রস্তাব পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হয়েছে। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পরামর্শ মোতাবেক বিআরডিবি'র আইন সংশোধনীর বিষয়ে বিআরডিবি'র বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত চাওয়া হয়েছে। আইন উপদেষ্টার মতামত পাওয়া গেলে প্রয়োজনীয় সংশোধনসহ পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হবে। এছাড়া প্রবিধানমালা প্রণয়নের অংশ হিসেবে সকলের মতামত প্রাপ্তির উপর গত ১৫/০৯/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী খসড়া প্রবিধানমালা চূড়ান্তকরণের কার্যক্রম চলমান রয়েছে।<br><u>**সমবায় অধিদপ্তরঃ**</u> বর্তমানে সরাসরি নিয়োগযোগ্য ৩য় ও ৪র্থ শ্রেণির মোট শূন্য পদের সংখ্যা নির্ধারণ করে ৩৫১ টি পদের ছাড়পত্র মন্ত্রণালয় হতে প্রদান করা হয়েছে। পূর্বে ছাড়কৃত ১৬০টি সহ মোট ৫১১টি পদের নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ করা হয়েছে এবং তা চলমান রয়েছে।<br>চলমান নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার লক্ষ্যে সমবায় অধিদপ্তরের স্মারক নং-৯০৫-এ/ও, তারিখ-২৭/১০/২২ মূলে মেয়াদ বৃদ্ধির জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>সমবায় আইন যুগোপযোগীকরণে লক্ষ্যে সমবায় আইন সংশোধনের জন্য একটি খসড়া প্রস্তাব স্মারক নং-২৩(গভ:), তারিখ-১১/০৫/২০২২ খ্রিঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হয়েছে। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ থেকে প্রস্তাবিত খসড়া সমবায় সমিতি (সংশোধন) আইন, ২০২২ এর উপর মতামত প্রেরণ করার জন্য ১৫ টি মন্ত্রণালয়ে ইতোমধ্যে স্মারক নং-৪৩২, তারিখ-১৩/০৯/২০২২ খ্রিঃ মূলে পত্র প্রেরণ করা হয়েছে।<br><u>**বার্ড, কুমিল্লাঃ**</u> গ্রেড ১১-২০ পর্যায়ে নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে লিখিত ও মৌখিক পরীক্ষা সম্পন্ন করা হয়েছে। বর্তমানে নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।<br>বার্ড প্রবিধানমালা-২০০৯ সংশোধনের জন্য একটি কমিটি গঠন করা হয়। কমিটি কর্তৃক খসড়া প্রণয়ন করা হয়েছে। যাচাই-বাছাই কার্যক্রম শেষে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br><u>**আরডিএ, বগুড়াঃ**</u> একাডেমীর সাংগঠনিক কাঠামোতে পদ সৃজন ও চাকুরী প্রবিধামালা সংশোধনের প্রস্তাবনা তৈরীর লক্ষ্যে একটি কমিটি গঠনপূর্বক কমিটির কার্যক্রম চলমান আছে এবং একাডেমীর আইন সংশোধনের প্রস্তাবনা প্রফেশনাল দ্বারা তৈরীর কাজ চলমান আছে।<br><u>**বাপার্ড, গোপালগঞ্জঃ**</u> বাপার্ডে জনবল বৃদ্ধির লক্ষ্যে অর্গানোগ্রাম সংশোধনের জন্য বাপার্ড- এর স্মারক নং ৭৩; তারিখ: ০৬/০২/২০২০ খ্রি: মূলে পউস বিভাগে (৪৮০+৩৮)=৫১৮ টি পদের সুপারিশ করে প্রস্তাব প্রেরণ করা হয়। এ প্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে গত ১৯ জানুয়ারি, ২০২১খ্রি: ও ২২ জুন, ২০২১খ্রি: তারিখে দুই দফায় ১১৩টি পদ নতুন ভাবে সৃজনের সম্মতি জ্ঞাপন করেছেন। পরবর্তীতে অর্থ মন্ত্রণালয়ের সম্মতি গ্রহনের জন্য ২৮/০৯/২০২১ খ্রি: তারিখে পউস বিভাগে প্রেরণ করা হয়। উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয় ১১৩ টি পদের বিপরীতে স্মারক নং ১৭৩; তারিখ: ১৯/১২/২০২১ খ্রি: মূলে ৫৩টি পদের সম্মতি প্রদান করেছেন। উক্ত ৫৩টি পদের পরবর্তী কার্যক্রম হিসেবে বেতনস্কেল/গ্রেড নির্ধারণের জন্য অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ হতে ভেটিং/নির্ধারণের লক্ষ্যে বাপার্ড-এর স্মারক নং-৮৯ তারিখ: ২০/০২/২০২২খ্রি: মূলে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে পত্র প্রেরণ কারা হয়েছে। উক্ত পত্রের আলোকে অর্থ বিভাগের স্মারক নং-৩৬; তারিখ: ১৫ মার্চ, ২০২২খ্রি: মূলে পদের বেতন গ্রেড নির্ধারণ করা হয়। উক্ত বেতনগ্রেডে কিছু অসামঞ্জস্যতা থাকায় তা বিবেচনার জন্য বাপার্ড-এর স্মারক নং-৪৬১; তারিখ: ০৮/০৮/২০২২খ্রি: পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের আলোকে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ১০/১১/২০২২ তারিখে ৩৭৪ নং স্মারক মূলে বিষয়টি সুনির্দিষ্ট সন্তোষজনক ব্যাখ্যাসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ জানানোর প্রেক্ষিতে বাপার্ড-এর স্মারক নং-৭৩৭; তারিখ: ৩০/১১/২০২২ খ্রি: মূলে পূণরায় পত্র প্রেরণ করা হয়েছে।<br><u>**এসএফডিএফঃ**</u> এসএফডিএফএর- জনবল নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ প্রক্রিয়াধীন রয়েছে। জনবল নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার জন্য টেলিটক বাংলাদেশ লিমিটেডকে সম্পৃক্ত করা হয়েছে।<br>এসএফডিএফ-এর কার্যনির্দেশিকা ,প্রবিধানমালা ও ৪ ধরনের নীতিমালা সংশোধন কার্যক্রম চূড়ান্ত করা হয়েছে।<br><u>**পিডিবিএফঃ**</u> পিডিবিএফ-এর লক্ষ্য এবং উদ্দেশ্যের আলোকে প্রাতিষ্ঠানিক কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনা ও সম্পাদনের লক্ষ্যে পদসোপান সহযোগে প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের জন্য একটি কার্যোপযোগী সাংগঠনিক কাঠামো প্রণয়নকল্পে প্রয়োজনীয় অনুশীলন ও মতবিনিময় সম্পন্নকরণ সাপেক্ষে পরিচালনা পর্ষদের আগামী ৮৬তম সভায় একটি খসড়া প্রস্তাবনা উপস্থাপন করা হয়। উপস্থাপিত খসড়া সংগঠন ও সরঞ্জাম তালিক (Table of Organization & Equipment) অনুপঙ্খরুপে যাচাই বাছাইপূর্বক পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনকল্পে মন্ত্রণালয়ের প্রতিনিধিসহ কমিটি গঠন করা হয়েছে। কমিটি সক্রিয় রয়েছে।<br><u>**মিল্ক ভিটাঃ**</u> মিল্ক ইউনিয়নের কার্যক্রমে গতিশীলতা ও জবাবদিহিতা আনয়নের লক্ষ্যে অর্গানোগ্রাম/জনবল কাঠামো-২০২০ ও নিয়োগ নীতিমালা-২০০৮ (সংশোধিত-২০০৯) সংশোধন করে যুগোপযোগী করে পুন:প্রণয়নের জন্য স্মারক নং-মিই/প্রশা-৩২/১২(০৪)/২০১৯/৫৪৫ তারিখ:২৮/০৩/২০২২ খ্রি: মোতাবেক ১১ (এগার) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির কার্যক্রম চলমাল রয়েছে। এছাড়াও মিল্ক ইউনিয়নের সহকারী ব্যবস্থাপক এর ৬১টি শূন্য পদের বিপরীতে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। | গ) সমবায় আইন যুগোপযোগীকরণে উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>ঘ) পিডিবিএফ-এর প্রবিধানমালা প্রণয়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>ঙ) পল্লী উন্নয়ন একাডেমী, রংপুর এবং জামালপুর-এর আইন প্রণয়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | |



Scanned with CamScanner

| আলোচ্যসূচি | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৫. অনিষ্পন্ন বিষয়াদি | (নিচে দেখুন) | ক) সকল শাখা বা সংস্থাকে অনিষ্পন্ন বিষয়াদি সংক্রান্ত তথ্য নির্ধারিত সময়ে যথাযথভাবে সংশোধিত ছকে প্রেরণ নিশ্চিত করতে হবে। এ বিষয়ে অনুবিভাগ/সংস্থা প্রধানগণকে কার্যকরী ভূমিকা পালন করতে হবে।<br>খ) এ বিভাগের বিভিন্ন শাখায় অনিষ্পন্ন পত্র/প্রস্তাব/ডিপিপি সংক্রান্ত কার্যক্রম আগামী সভার পূর্বে নিষ্পন্ন করে সভায় বাস্তবায়ন প্রতিবেদন সংশোধিত ছকে দাখিল করতে হবে। | সকল দপ্তর/সংস্থ এবং সকল শাখা/অধিশাখা/ অনুবিভাগ, এ বিভাগ |

**৫. অনিষ্পন্ন বিষয়াদি — আলোচনা:**

<u>এ বিভাগঃ</u>

| শাখা/ অধিশাখার নাম | বিবেচ্য মাসে আগত | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত বিষয় | গত মাসের মোট পেন্ডিং বিষয় | পেন্ডিং তালিকা | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ০১ মাসের অধিক | ০৩ মাসের অধিক | ০১ বছরের অধিক | |
| প্রশাসন-১ | ১৩০ | ১২৪ | ৬ | - | - | - | - |
| প্রশাসন অধিশাখা-২ | ৩০ | ৫৯ | - | - | - | - | - |
| বাজেট-১ | ২৩ | ২১ | - | - | - | - | - |
| বাজেট-২ | ০৯ | ০৮ | - | - | - | - | - |
| পরিকল্পনা-১ | ১৬ | ১৫ | - | - | - | - | - |
| পরিকল্পনা-২ | ৩ | ৩ | - | - | - | - | - |
| পরিকল্পনা-৩ | ১২ | ১২ | - | - | - | - | - |
| পরিকল্পনা-৪ | ৫৪ | ১৩ | - | ১ | - | - | - |
| পরিকল্পনা-৫ | ১৬ | ১৬ | - | - | - | - | - |
| পরিকল্পনা-৬ | ৫ | ৭ | - | ২ | - | - | - |
| উন্নয়ন শাখা | ৩ | ৩ | - | - | - | - | - |
| প্রতিষ্ঠান-১ | ৪৮ | ৪৮ | - | - | - | - | - |
| প্রতিষ্ঠান-২ | ২৭ | ২৭ | - | - | - | - | - |
| আইন শাখা | ৩০ | ৩০ | - | - | - | - | - |
| এপিএ শাখা | ১৩ | ১৩ | - | - | - | - | - |
| আইসিটি ইউনিট | ১৬৫ | ১৬৯ | ৪ | - | - | - | - |

<u>বিআরডিবিঃ</u> বিআরডিবি'র প্রতিমাসের অনিষ্পন্ন বিষয়াদি সংক্রান্ত তথ্য নির্ধারিত ছকে যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। সর্বশেষ অক্টোবর/২০২২ মাসের অনিষ্পন্ন বিষয়ের তালিকা নিম্নোক্ত ছকে স্মারক নং- ৪৭.৬২.০০০০.১০২.০৩.৩৩২.১৯.৯৬০৫ তারিখ, ০৭/১২/২০২২ মূলে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

<u>নভেম্বর/২০২২ মাসে বিআরডিবি'র অনিষ্পন্ন বিষয়াদির বিরবণ</u>

| গত মাসের জের | আলোচ্য মাসে প্রাপ্তি | আলোচ্য মাসে নিষ্পত্তি | মাসের শেষ কার্য দিবসে অনিষ্পন্ন | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | এক সপ্তাহের অধিক অথচ দুই সপ্তাহের বেশি নহে | দুই সপ্তাহের অধিক অথচ এক মাসের বেশি নহে | এক মাসের অধিক | মোট | মন্তব্য |
| ১৮০ | ১৮৮৮ | ১৮১৯ | ১০১ | ১০৫ | ৪৩ | ২৪৯ | - |

<u>সমবায় অধিদপ্তরঃ</u> দপ্তর/সংস্থার নিকট এ বিভাগের অনিষ্পন্ন বিষয়াদি নাই। তাছাড়া, এ বিভাগের নিকট দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়াদি নাই।

<u>বার্ড, কুমিল্লাঃ</u> কোন অনিষ্পন্ন বিষয় নেই।

<u>আরডিএ, বগুড়াঃ</u> আরডিএ'র কোন অনিষ্পন্ন বিষয় নেই।

<u>বাপার্ড, গোপালগঞ্জঃ</u> ১। বাপার্ড-এর কর্মকর্তা ও কর্মচারীদের সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ) সংক্রান্ত প্রশাসনিক অনুমোদন।

২। বাপার্ড কোটালীপাড়া, গোপালগঞ্জ- এর জন্য রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত ৫৩ টি পদের মধ্যে ০৩ (তিন) টি পদের বেতনগ্রেড পুন:বিবেচনা সংক্রান্ত।

৩। বাপার্ড-এর জন্য রাজস্বখাতে সৃষ্ট ১৯ ক্যাটাগরির ৩৪ টি পদের মেয়াদ ০১/০৬/২০২২ হতে ৩১/০৫/২০২৩ তারিখ পর্যন্ত সংরক্ষণ সংক্রান্ত।

৪। গাড়ি টিওএনই ভূক্ত করণ সংক্রান্ত।

<u>এসএফডিএফঃ</u> দপ্তর/সংস্থার পেন্ডিং বিষয়:

| সংস্থার নাম | বিবেচ্য মাসে আগত | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত বিষয় | গত মাসের মোট পেন্ডিং বিষয় | পেন্ডিং তালিকা | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ০১ মাসের অধিক | ০৩ মাসের অধিক | ০১ বছরের অধিক | |
| এসএফডিএফ | ৭৩২ | ৭৩২ | - | | - | - | - |

<u>পিডিবিএফঃ</u> যে সকল বিষয় অনিষ্পন্ন রয়েছে সে সকল বিষয় নিষ্পন্নের দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং চাহিত তথ্যাদি যথাসময়ে প্রেরণ করা হচ্ছে।

<u>মিল্ক ভিটাঃ</u> কোন অনিষ্পন্ন বিষয় নেই।

| আলোচ্যসূচি | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৬.এপিএ/ জিআরএস/ এনআইএস /সিটিজেন চার্টারসংক্রান্ত | ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতির সকল প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে আগামী ১৫/০১/২০২৩ তারিখের এর মধ্যে প্রেরণ করা হবে। সে প্রেক্ষিতে আওতাধীন দপ্তর/সংস্থা হতে আগামী ০৫/০১/২০২৩ তারিখের মধ্যে এ বিভাগের প্রতিবেদন প্রেরণ করার জন্য পত্র দেয়া হয়েছে। | এপিএ/জিআরএস/এনআইএস/সিটিজেন চার্টার সহ সকল প্রতিবেদন যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং কোয়ার্টার ভিত্তিক অর্জন ১০০% নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি, ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এ বিভা' এবং দপ্তর/সংস্থা (সকল) |



Scanned with CamScanner

<table>
<tr><th>আলোচ্যসূচি</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>৭ তথ্য অধিকার সংক্রান্ত</td><td>২০২২-২৩ অর্থ বছরের তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনার সূচক ১.৪ মোতাবেক তথ্য অধিকার আইন২০০৯ এর ৫ ধারা অনুসারে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সকল শাখার তথ্যের ক্যাটালগ ও ইনডেকআস প্রস্তুত/হালনাগাদ কার্যক্রম ৩০/১১/২০২২ তারিখে সম্পন্ন হয়েছে।</td><td>মন্ত্রিপরিষদ বিভাগে ইনডেক্স প্রস্তুত/হালনাগাদকরণ সংক্রান্ত বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td><td>তথ্য অধিকার কর্মকর্তা/বিকল্প তথ্য অধিকার কর্মকর্তা</td></tr>
<tr><td>৮. বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লি:- এর ঋণ গ্রহিতাদের নিকট থেকে ঋণ আদায়</td><td>বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লি: (বাজামসস) এর পক্ষ হতে ঋণ খেলাপীদের বিরুদ্ধে ১৪০টি সার্টিফিকেট মামলা দায়ের করা হয়েছে এর মধ্যে ০৩টি মামলার রীট হয়েছে এবং ৪০টি ফৌজদারী মামলা দায়ের হয়েছে। দায়েরকৃত মামলাসমূহের মনিটরিং বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লি: কর্তৃপক্ষ কর্তৃক চলমান রয়েছে। তাছাড়া বাজামসস এর ঋণ আদায়কারী কর্তৃক ঋণ আদায়ের সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। সার্টিফিকেট মামলা করার ফলে পূর্বের তুলনায় আদায় বৃদ্ধি পেয়েছে। ০৮টি সার্টিফিকেট মামলার শুনানী হয়েছে। সার্টিফিকেট মামলা বাবদ ২,৭৬,৯৯৭/- খরচ হয়েছে। ঋণ আদায় প্রক্রিয়া অব্যাহত রয়েছে। ঋণ আদায়ের শতকরা হার ৩.৩৩%।<br>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০/১১/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর ০৮ নং আলোচ্যসূচীতে বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর জরুরী পুনর্বাসন প্রকল্পের ঋণ অবলোপন (write off) বা মওকুফের প্রস্তাবের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ এবং এ বিষয়ে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি, বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড কে পত্র দেয়া হয়েছে।</td><td>অর্থ বিভাগে প্রেরিত মৎস্যজীবী সমবায় সমিতির ঋণ অবলোপন (write off) বা মওকুফের প্রস্তাবের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ এবং এ বিষয়ে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর</td></tr>
<tr><td>৯. Integrated Digital Service Delivery Platform System</td><td>সমবায় অধিদপ্তরে ১৪৪টি ফিচারের User Acceptance Testing (UAT) কর্মশালার ১৪-১৫ ডিসেম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত হবে। সে প্রেক্ষিতে উক্ত কর্মশালাতে User এর মতামত পাওয়া যাবে। বিসিসিতে SQTC এর কার্যক্রম চলমান রয়েছে।</td><td>Integrated Digital Service Delivery Platform System এর বাস্তবায়ন অগ্রগতি প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। আগামী নভেম্বরের মধ্যে ১৪৪ টি ফিচারের কার্যক্রম সম্পন্ন করতে হবে।</td><td>সিস্টেম এনালিস্ট, এ বিভাগ</td></tr>
<tr><td>১০. ই-ফাইলিং</td><td>আগামী ফেব্রুয়ারি ২০২৩ এ সমবায় ব্যাংক ও সমবায় একাডেমীগুলোতে ই নথি চালু করা সম্ভব হবে। এটুআই এর সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।<br>দপ্তর/সংস্থাসমূহকে ই-নথিতে পত্রজারি ও নোট নিস্পত্তি এবং ই নথির ব্যবহার বৃদ্ধির অনুরোধ জানানো হয়।</td><td>সংস্থা ও শাখা/বিভাগ ই-ফাইলিং সংক্রান্ত মাসিক প্রতিবেদন নিয়মিত এ সভায় উপস্থাপন করতে হবে।<br>বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এবং সমবায় একাডেমিতে ই-নথি চালু করতে হবে।</td><td>সিস্টেম এনালিস্ট, এ বিভাগ এবং দপ্তর/সংস্থা (সকল)</td></tr>
<tr><td>১১. প্রশিক্ষণ</td><td>২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫/০১/২০২৩ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। সে প্রেক্ষিতে ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার যথাসময়ে আয়োজন হচ্ছে।<br>এছাড়া, ৪র্থ শিল্প বিপ্লব বিষয়ক ১/২ টি নির্দিষ্ট কম্পোনেন্ট এর উপর ১টি কর্মশালা আগামী জানুয়ারি/২০২৩ এর মধ্যে আয়োজন করা হবে।</td><td>আবশ্যক প্রশিক্ষণসমূহ যথাসময়ে আয়োজন/সম্পাদন নিশ্চিত করতে হবে।</td><td>প্রশাসন শাখা-১</td></tr>
<tr><td>১২. বিবিধ</td><td>(ক) বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড এর ২০২২-২০২৩ অর্থ বছরের অক্টোবর/২০২২ ও নভেম্বর/২০২২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী:<br>১) ২০২২-২৩ অর্থ বছরের অক্টোবর/২০২২ মাসের আয়-ব্যয়:
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>মোট আয়</th><th>মোট ব্যয়</th><th>অতিরিক্ত ব্যয়</th><th>প্রকৃত আদায়</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১.</td><td>৮৯,৮০,৬৪৭.১২</td><td>১,২৩,৯৫,২৮৭.০০</td><td>৩৪,১৪,৬৩৯.৮৮</td><td>১,২০,৯৮,০৭৬.৯৬</td><td>-</td></tr>
</table>
২) ২০২২-২৩ অর্থ বছরের নভেম্বর, ২০২২ মাসের আয়-ব্যয়:
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>মোট আয়</th><th>মোট ব্যয়</th><th>অতিরিক্ত ব্যয়</th><th>প্রকৃত আদায়</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১.</td><td>৬৭,৪৭,১৮৪.৬০</td><td>১,২৩,২৪,৫৬৬.৭৯</td><td>৫৫,৭৭৩৮২.১৯</td><td>১,৪০,৬৬,৮০১.৭৬</td><td>-</td></tr>
</table>
৩) ২০২২-২৩ অর্থ বছরের জুলাই, ২০২২ হতে নভেম্বর, ২০২২ পর্যন্ত আয়-ব্যয়:
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>মোট আয়</th><th>মোট ব্যয়</th><th>অতিরিক্ত ব্যয়</th><th>প্রকৃত আদায়</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১.</td><td>৩,৮৪,৪২,৭২১.৭৪</td><td>৬,৮৫,৪৪,৭৮১.২৩</td><td>৩,০১,০২,০৫৯.৪৯</td><td>৬,৮৭,৩৯,৯৮৪.০১</td><td></td></tr>
</table>
</td><td>বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড এর আয়-ব্যয়ের হিসাব প্রতি মাসে উপস্থাপন করতে হবে।</td><td>মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড</td></tr>
</table>



Scanned with CamScanner

| আলোচ্যসূচি | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **(খ) পল্লী উন্নয়ন একাডেমিসমূহের জন্য অভিন্ন আইন, বিধিমালা প্রভৃতি প্রণয়নের মাধ্যমে আন্তঃ একাডেমি সংযোগ স্থাপন করা।**<br><br>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পল্লী উন্নয়ন একাডেমিসমূহকে একই ছাতার নিচে আনয়নের লক্ষ্যে অভিন্ন আইন ও বিধিমালা প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে সভাপতি বলেন যে, পল্লী উন্নয়ন একাডেমিসমূহের জন্য অভিন্ন আইন, বিধিমালা প্রণয়নের মাধ্যমে আন্তঃএকাডেমির মধ্যে জনবল বদলি করে অভিজ্ঞতা, দক্ষতা বিনিময় করা যায়। নূতন প্রতিষ্ঠিত একাডেমিতে অভিজ্ঞ কর্মকর্তা পদায়ন করে নূতন একাডেমিকে দ্রুত কার্যকর করা এবং আন্তঃপ্রতিষ্ঠান বদলির মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীদের এলাকাপ্রীতি, স্বজনপ্রীতি প্রভৃতি রোধ করা সম্ভব হবে। অভিন্ন আইন প্রণয়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। | পল্লী উন্নয়ন একাডেমি সমূহের জন্য অভিন্ন আইন ও বিধিমালা প্রণয়নের মাধ্যমে আন্তঃ একাডেমির মধ্যে জনবল বদলি, অভিজ্ঞতা, দক্ষতা বিনিময় বিষয়ে করণীয় সম্পর্কে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন এবং এ বিষয়ে পরবর্তী নির্দেশনার আলোকে কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। | উপসচিব (প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |

সভাপতি, এ পর্যায়ে সমন্বয় সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে ও যথাসময়ে বাস্তবায়নের মাধ্যমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কার্যক্রমকে আর ও গতিশীল করার জন্য উপস্থিত সকল কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০২/০১/২০২২
(মোঃ মশিউর রহমান এনডিসি)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ



Scanned with CamScanner